

COVID-19 ঘরভাড়া এবং গৃহায়ন তথ্য।

৩/২০/২০২০ তারিখে গভর্নর হুইটমার COVID-19 সংকটের কারণে ঘরভাড়া পরিশোধে অক্ষম ভাড়াটিয়াদের উচ্ছেদ নিষিদ্ধ করে একটি কার্যনির্বাহী আদেশ জারি করেন। আদেশটি ৬/১১/২০২০ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। নিম্নে গভর্নরের আদেশ ও গৃহায়ন সম্পর্কিত কিছু প্রশ্নের উত্তর তুলে ধরা হলো।

প্রশ্ন : সংকটের সময় ভাড়া পরিশোধ করতে না পারলে আমাকে কি উচ্ছেদ করা যাবে ?

উত্তর : গভর্নরের আদেশ বলবৎ থাকা অবস্থায় (৩/২০/২০২০ - ৬/১১/২০২০) আপনাকে আপনার ঘর থেকে উচ্ছেদ করা যাবে না। যদিও আপনার ল্যান্ডলর্ড ব্যক্তিগত ডেলিভারি ছাড়া ভাড়া দাবি করতে পারবে। ৬/১১/২০২০ আদেশের মেয়াদ উত্তীর্ণ হলে আপনি আপনার ভাড়ার জন্য দায়বদ্ধ থাকবেন।

প্রশ্ন : সংকটের সময় যদি আমি ভাড়া পরিশোধ করতে না পারি, আমাকে কি পরবর্তীতে এটি পরিশোধ করতে হবে ?

উত্তর : হ্যাঁ, আপনি ভাড়া পরিশোধে দায়বদ্ধ। যদি পেমেন্টের ব্যাপারে আপনার নির্দেশনার প্রয়োজন হয়, পরবর্তী পৃষ্ঠায় তালিকাভুক্ত প্রতিষ্ঠান সমূহ আপনাকে সহায়তা করতে পারে।

প্রশ্ন : আমি যদি সক্ষম হই, সংকট কালীন সময়ে কি ভাড়া পরিশোধ করা দরকার ?

উত্তর : হ্যাঁ, গভর্নরের আদেশকালীন সময়ে আপনি সমর্থ হলে অবশ্যই আপনার ভাড়া পরিশোধ করতে হবে।

প্রশ্ন : গভর্নরের আদেশকালীন সময়ে আমার ল্যান্ডলর্ড আমাকে উচ্ছেদ করার চেষ্টা করলে বা উচ্ছেদ করলে আমি কার সাথে যোগাযোগ করবো ?

উত্তর : যদি আপনার ল্যান্ডলর্ড ৩/২০/২০২০ থেকে ৬/১১/২০২০ এর মধ্যে আপনাকে উচ্ছেদ করার চেষ্টা করলে বা উচ্ছেদ করলে আপনি একজন আইনজীবীর পরামর্শ নিতে পারেন (পরবর্তী পৃষ্ঠায় তালিকাভুক্ত রিসোর্স সমূহ দেখুন) আপনি মিশিগান এটর্নি জেনারেলের অফিসে ৫১৭৩৩৫৭৬২২ এই নাম্বারে কল করতে পারেন।

প্রশ্ন : কোর্টে না গিয়ে কি ল্যান্ডলর্ড আমাকে উচ্ছেদ করতে পারবে ?

উত্তর : আপনাকে উচ্ছেদ করতে হলে ল্যান্ডলর্ড কে অবশ্যই কোর্টে যেতে হবে।

প্রশ্ন : আমি COVID-19 দ্বারা আক্রান্ত হলে ল্যান্ডলর্ড কে কি তা বলতে হবে ?

উত্তর : না, ল্যান্ডলর্ড চাইলেও আপনার COVID-19 সংক্রান্ত তথ্য দিতে হবেনা।

প্রশ্ন : ল্যান্ডলর্ড কি আমার প্রণোদনার অর্থ দ্বারা ভাড়া পরিশোধে বাধ্য করতে পারবে ?

উত্তর : না, আপনি প্রণোদনার অর্থ দিয়ে ভাড়া পরিশোধ করবেন এমন কিছুতে আপনাকে স্বাক্ষর করতে হবেনা। এ ব্যাপারে ল্যান্ডলর্ড আপনাকে চাপ দিলে আপনি একজন আইনজীবীর সাথে কথা বলতে পারেন।

প্রশ্ন : আমি যদি মনে করি আমি ল্যান্ডলর্ড কর্তৃক বৈষম্যের শিকার, তাহলে কার সাথে যোগাযোগ করবো ?

উত্তর : যদি আপনি মনে করেন আপনার জাতি, বর্ণ, জাতীয় উৎস, ধর্ম, অক্ষমতা, পরিবার বা মানসিক অবস্থা বা বয়সের কারণে ল্যান্ডলর্ড কর্তৃক বৈষম্যের শিকার হচ্ছেন, তাহলে আপনি ফেয়ার হাউসিং সেন্টার এর সাথে যোগাযোগ করতে পারেন। তাদের নম্বর ৩১৩৯৬৩১২৭৪